জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

অসত্য/ফেইক প্রজ্ঞাপন বিষয়ে সতর্কবার্তা

জাতীয় বিশ্ববিদ্যালয়ের কলেজ পরিদর্শন দপ্তরের নাম ব্যবহার করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল বেসরকারি কলেজ/প্রতিষ্ঠানের সাময়িক সময়ের জন্য অধ্যক্ষ/উপাধ্যক্ষ নিয়োগ ও সকল কার্যক্রম স্থগিত করা হলো মর্মে বিভিন্ন সোশ্যাল/ইলেক্ট্রনিক্স মিডিয়ায় প্রকাশিত/প্রচারিত স্মারক নং-০৭(১৫৩৭)জাতী:বি:/ক:প:/৭০৯০, তারিখ-২২/০৬/২০২৫-এর প্রজ্ঞাপনটি ফেইক বা সত্য নয়। এ সংক্রান্ত কোন প্রজ্ঞাপন কলেজ পরিদর্শন দপ্তর বা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জারী করেনি। সুতরাং জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল সরকারী ও বেসরকারি কলেজ কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট সকলকে তা অনুসরণ না করার জন্য বিনীতভাবে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, গত ০৮/০৪/২০২৫ তারিখে কলেজ পরিদর্শন দপ্তর হতে "জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারী/বেসরকারি কলেজ/প্রতিষ্ঠানসমূহের অধ্যক্ষ, এডহক কমিটি/গভর্নিং বডির সভাপতি ও অন্যান্য সদস্যদের কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানের অর্থ ব্যয় করে জাকজমকপূর্ণ/আড়ম্বরপূর্ণ/মহাসমারোহে সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন হতে বিরত থাকা প্রসঙ্গে" স্মারক নং-০৭(১৫৩৭)জাতী:বি:/ক:প:/৭০৯০ প্রজ্ঞাপন জারী করা হয়। কিন্তু কিছু অসৎ ব্যক্তি ও কুচক্রী মহল অসৎ উদ্দেশ্যে কলেজ পরিদর্শক-এর স্বাক্ষর জাল করে ২২/০৬/২০২৫ তারিখে উক্ত স্মারক (স্মারক নং-০৭(১৫৩৭)জাতী:বি:/ক:প:/৭০৯০) ব্যবহার করে ভূয়া/ফেইক প্রজ্ঞাপন তৈরি করে বিভিন্ন সোশ্যাল/ইলেক্ট্রনিক্স মিডিয়ায় অপ-প্রচার চালিয়েছেন। যা অত্যন্ত উদ্বেগ ও দুঃখজনক। জাতীয় বিশ্ববিদ্যালয়ের কলেজ পরিদর্শন দপ্তর বা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক এ ধরনের কোন প্রজ্ঞাপন জারী করা হয়নি।

এ ধরনের অপ-প্রচারকৃত বিভ্রান্তিকর ও ভূয়া প্রজ্ঞাপন থেকে সতর্ক থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। একই সাথে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক জারীকৃত যে কোন প্রজ্ঞাপনের বিষয়ে বিভিন্ন সোশ্যাল/ইলেক্ট্রনিক্স মিডিয়া অনুসরণ না করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট www.nu.ac.bd অনুসরণ করার জন্য পরামর্শ দেয়া হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে

23-06-2025

মোঃ আব্দুল হাই সিদ্দিক সরকার
কলেজ পরিদর্শক
জাতীয় বিশ্ববিদ্যালয়